



আপডেট: ১১ ডিসেম্বর ২০১৮, ২৩:২৬

চার শিক্ষার্থী পেলেন নিপপন পেইন্টে এশিয়া ইয়াং ডিজাইনার অ্যাওয়ার্ড

নিপপন পেইন্টের আয়োজন এশিয়া ইয়াং ডিজাইনার অ্যাওয়ার্ডের পুরস্কার বিজয়ীদের সঙ্গে অতিথিরা। ছবি: প্রেস বিজ্ঞপ্তিস্থাপত্য ও ইন্টেরিওর ডিজাইনিংয়ের শিক্ষার্থীদের প্রতিযোগিতার পুরস্কার প্রদান করলো নিপপন পেইন্ট। গত শুক্রবার সন্ধ্যায় রাজধানীর একটি হোটেলে 'ফরয়ার্ড' থিম নিয়ে নিপপন পেইন্ট আয়োজন করেছিল এশিয়া ইয়াং ডিজাইনার অ্যাওয়ার্ড ২০১৮। বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য এবং ইন্টেরিওর ডিজাইনিং বিভাগের শিক্ষার্থীদের জন্যই আয়োজন করা হয় এই প্রতিযোগিতার। এর উদ্দেশ্য এ বিভাগের শিক্ষার্থীরা যাতে তাঁদের মেধা আন্তর্জাতিক অঙ্গনে তুলে ধরতে পারেন। প্রতিযোগিতায় ১০টি বিশ্ববিদ্যালয়ের ১৩০ জন শিক্ষার্থী অংশ নেন। স্থাপত্য এবং ইন্টেরিওর ডিজাইনিং বিভাগের প্রজেক্ট নিয়ে দুটি ক্যাটাগরিতে দুজনকে নগদ ৫০ হাজার টাকা করে দেওয়া হয় গোল্ড পুরস্কার। এ ছাড়াও দুটি ক্যাটাগরিতে দুজনকে নগদ ২৫ হাজার টাকার সিলভার পুরস্কার দেওয়া হয়।

দুই বিভাগের গোল্ড অ্যাওয়ার্ড বিজয়ীরা আগামী বছরের মার্চে 'এ ওয়াই ডি এ সামিট' গ্র্যান্ড গালা গর্বে সিঙ্গাপুরে বাংলাদেশের প্রতিনিধিত্ব করবেন। সিঙ্গাপুরে গ্র্যান্ড গালা পর্বে 'এশিয়া ইয়াং ডিজাইনার অব দ্য ইয়ার' খেতাব জিততে এবং হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের গেনসুকে ওবাটা ফেলোসিপ সামার প্রোগ্রামে অংশ নিতে আরও ১৫ দেশের গোল্ড অ্যাওয়ার্ড বিজয়ীরা প্রতিযোগিতায় অংশ নেবেন। এই বছর বাংলাদেশ থেকে আর্কিটেকচার বিভাগে গোল্ড উইনার হয়েছেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের হামিদা আশরাফি এবং ইন্টেরিওর ডিজাইন বিভাগে গোল্ড উইনার হয়েছেন বুয়েটের আসফিয়া ইসলাম। এ ছাড়া সর্বোচ্চসংখ্যক প্রজেক্ট জমা দেওয়ার জন্য সোনারগাঁও বিশ্ববিদ্যালয় পেয়েছে বেস্ট সাপোর্টিং স্কুলের খেতাব।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে স্থপতি খাদেম আলী, বুয়েটের অধ্যাপক কাজী আজিজুল মওলা, স্থপতি এন আর খান, স্থপতি আ ফ ম মহিউদ্দিন আকন্দ সম্মানিত জুরি সদস্য হিসেবে উপস্থিত ছিলেন। নিপপন

পেইন্ট বাংলাদেশ প্রাইভেট লিমিটেডের গ্রুপ জেনারেল ম্যানেজার গ্ল্যাডিস গোস্বামী উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। প্রেস বিজ্ঞপ্তি